

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৪০. নিজ ঘরে কখনো নফল নামায না পড়া

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَجْعَلُواْ بُيُوْتَكُمْ قُبُوْراً ، وَلاَ تَجْعَلُواْ قَبْرِيْ عِيْداً ، وَصَلُّواْ عَلَىَّ ؛ فَإِنَّ صَلاَتَكُمْ تَبْلُغُنِيْ حَيْثُ كُنْتُمْ

"তোমরা নিজেদের ঘরগুলোকে কবর বানিও না। বরং তোমরা তাতে নফল নামায, কোর'আন তিলাওয়াত ও দো'আ ইত্যাদি করিও এবং আমার কবরকে মেলা বানিও না। তাতে বার বার নির্দিষ্ট সময়ে আসার অভ্যাস করো না। বরং তোমরা সর্বদা আমার উপর সালাত ও সালাম পাঠিও। কারণ, তোমাদের সালাত ও সালাম আমার নিকট অবশ্যই পৌঁছুবে। তোমরা যেখানেই থাকো না কেন"।[1]

নফল নামায নিজ ঘরে পড়াই সর্বোত্তম।

যায়েদ্ বিন্ সাবিত (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

أَفْضَلُ الصَّلاَةِ صَلاَةُ الْمَرْءِ فِيْ بَيْتِهِ إِلاَّ الْمَكْتُوْبَةَ

''সর্বোত্তম নামায হচ্ছে কোন ব্যক্তির তার ঘরে নামায পড়া। তবে ফরয নামায নয়''।[2]

>

ফুটনোট

- [1] (আবু দাউদ, হাদীস ২০৪২ আক্ষাদ্ : ২/৩৬৭)
- [2] (স্বা'হীহুল-জা'মি', হাদীস ১১১৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11290

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন